

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ১৮, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

আইন শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২২ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ/০৭ মার্চ, ২০২১ খ্রিষ্টাব্দ

নং ৫৭.০০.০০০০.০৬৬.০৪.০০২.১৭-৮৬—চলমান বৈশ্বিক অতিমারি (Pandemic) কোভিড-১৯ জনিত কারণে ২০২০ সালে অনুষ্ঠিতব্য ডিপ্লোমা পর্যায়ে বিভিন্ন শিক্ষাক্রমের ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্বের নিয়মিত, ৫ম ও ৭ম পর্ব অকৃতকার্য বিষয় এবং ৮ম পর্ব অনিয়মিত পরীক্ষা যথাসময়ে গ্রহণ করা সম্ভব হয়নি।

০২। কোভিড-১৯ পরিস্থিতিতে শিক্ষার্থীদের প্রস্তুতি বিবেচনায় রেখে ডিপ্লোমা পর্যায়ে বিভিন্ন শিক্ষাক্রমের পরীক্ষা গ্রহণের লক্ষ্যে মন্ত্রণালয়সহ অংশিজনের সমন্বয়ে মতবিনিময় সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

(ক) সকল প্রবিধানের আওতায় পরীক্ষার প্রশ্নপত্রে মুদ্রিত মোট নম্বরের ৫০% নম্বরের উত্তর দিতে হবে (সকল বিভাগের যে কোনো প্রশ্ন মিলিয়ে)।

(খ) সকল বিষয়ের ৩ ঘণ্টার পরীক্ষা ২ ঘণ্টা এবং ২ ঘণ্টার পরীক্ষা ১ ঘণ্টা ৩০ মিনিট সময়ে অনুষ্ঠিত হবে।

( ৬৮৭১ )

মূল্য : টাকা ৪.০০

(গ) প্রতিটি বিষয়ে পরীক্ষার্থীর প্রাপ্ত নম্বরকে দ্বিগুণ করে ফলাফল নির্ধারণ করা হবে।

(ঘ) ৮ম পর্বের ইন্ডস্ট্রিয়াল এটাচমেন্ট-এর ফলাফল অন্যান্য পর্বের ফলাফলের পূর্বেই পৃথকভাবে প্রকাশ করার সিদ্ধান্ত গৃহিত হয়। উল্লেখ্য যে, যাদের বিগত পর্বে রেফার্ড বিষয় আছে তাদের ফলাফল অন্যান্য পর্বের সাথে প্রকাশ করা হবে।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (সংশোধন) আইন, ২০২১ এর ৮(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে উপরোল্লিখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের আলোকে পরীক্ষার ফলাফল প্রস্তুত, প্রকাশ ও সনদ বিতরণের জন্য বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-কে ক্ষমতা প্রদান করা হলো।

০৪। এ প্রজ্ঞাপন জারির ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

০৫। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মাহমুদুর রহমান

উপসচিব (অডিট ও আইন)।